# ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের গবেষণা নির্দেশিকা, ২০২৩

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

ভূমি মন্ত্রণালয়

প্রকাশ : নভেম্বর ২০২৩

# ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের গবেষণা নির্দেশিকা, ২০২৩

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

ভূমি মন্ত্রণালয়

প্রকাশ : নভেম্বর ২০২৩

যেহেতু জমির অতিমাত্রায় খন্ড-বিখন্ডন, বারংবার হস্তান্তর এবং জমির অত্যাধিক মূল্য বৃদ্ধি পাওয়ায় ভূমি জরিপ কার্যক্রম ক্রমশ: জটিল আকার ধারণ করিয়াছে এবং ম্যানুয়াল জরিপ থেকে ডিজিটাল জরিপে উন্নীতকরণে জনগণ ও সরকারের ব্যাপক প্রস্তুতির বিষয়টি অনিবার্য, ফলে সামাজিক স্থিতিশীলতা ও শান্তি শৃঙ্খলা বজায় রাখা, দ্বন্দ্ব সংঘাত নিরসন, দেওয়ানি এবং ফৌজদারি মামলা হ্রাস এবং সর্বোপরি শুদ্ধরুপে ডিজিটাল ভুমি জরিপ সরকারের অন্যতম প্রতিশ্রুতি হওয়ায় ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর বা তার অধিক্ষেত্রাধীন জোনাল সেটেলমেন্ট অফিস, দিয়ারা সেটেলমেন্ট অফিস বা ভূমির সাথে সম্পর্কিত দপ্তর/সংস্থার সমস্যা চিহ্নিতকরণ, ভূমি সেবা সহজীকরণ, কারিগরি ও আইনগত দক্ষতা বৃদ্ধি, এবং ভূমির সাথে সম্পর্কিত বিভিন্ন সমসাময়িক ইস্যু ও সমস্যা সমাধানকল্পে জনগুরুত্বপূর্ণ বিষয়ের উপর গবেষণা এবং গবেষণালব্ধ জ্ঞান ও তথ্য উপাত্তের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ অপরিহার্য হইয়া পড়িয়াছে, ফলে উক্ত গবেষণার নিমিত্ত এই নির্দেশিকা প্রণয়ন করা হইল।

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন:**

(ক) এই নির্দেশিকা "ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের গবেষণা নির্দেশিকা ২০২৩" নামে অভিহিত হইবে।

(খ) এই নির্দেশিকা ভূমি মন্ত্রণালয়, ভূমি রেকর্ড ও জপির অধিদপ্তর ও ইহার আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ এবং গবেষণায় নিয়োজিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হইবে।

(গ) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা:**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই নির্দেশিকায়-

(ক) "গবেষক" বলিতে গবেষণার উদ্দেশ্যে মনোনীত ভূমি মন্ত্রণালয়, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং ইহার আওতাধীন জোনাল সেটেলমেন্ট অফিস, দিয়ারা সেটেলমেন্ট অফিসসমূহের নবম বা তদুর্দ্ধ গ্রেডের যে কোনো কর্মকর্তা বা গবেষণায় নিয়োজিত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;

(খ) "কমিটি" বলিতে গবেষণা প্রস্তাব বাছাই ও মূল্যায়ন কমিটিকে বুঝাইবে;

(গ) "গবেষণার সময় বা মেয়াদ" বলিতে অর্থ-বৎসর (০১ জুলাই-৩০ জুন) বুঝাইবে; এবং

(ঘ) "কর্তৃপক্ষ" বলিতে সচিব/সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয় অথবা মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অথবা মনোনীত কর্মকর্তাকে বুঝাইবে।

**৩। গবেষণার উদ্দেশ্য:**

(ক) ভূমি জরিপ তথা শুদ্ধ রেকর্ড প্রণয়ন সংক্রান্ত সমস্যাসমূহ চিহ্নিতকরণ এবং সমস্যা সমাধানে উদ্যোগ গ্রহণ;

(খ) ভূমি জরিপ এবং জরিপ ব্যবস্থাপনার সাথে জড়িত কর্মকর্তা এবং কর্মচারীগণের বিষয়ভিত্তিক কারিগরি ও আইনগত দক্ষতা বৃদ্ধি;

(গ) গবেষণা লব্ধ জ্ঞান ভূমি মন্ত্রণালয় তথা ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের নীতি নির্ধারণী কাজে ব্যবহার করা।

৪। গবেষণার পরিধি:

(ক) ভূমি জরিপ সেবা সহজীকরণ বিষয়াদি অনুসন্ধান, সমস্যা চিহ্নিতকরণ এবং সমাধানের পন্থা নির্ধারণ;

(খ) ভূমি জরিপ সংক্রান্ত আইন, বিধি ও নীতি তুলনামূলক পর্যালোচনাক্রমে নীতি প্রণয়ন, সংশোধন ও বাস্তবায়ন;

(গ) ডিজিটাল ভূমি জরিপ সংক্রান্ত বিধি বিধান, কারিগরি বিষয়ক নীতিমালা ও নির্দেশিকা তুলনামূলক পর্যালোচনা, সংশোধন ও সংশোধিত নীতিমালা বাস্তবায়ন কৌশল নির্ধারণ;

(ঘ) সরকারের উন্নয়ন এবং পঞ্চবার্ষিকী পরিকল্পনা, এসডিজি ও প্রেক্ষিত পরিকল্পনা ২০৪১সহ অন্যান্য পরিকল্পনা বাস্তবায়নে ভূমি জরিপ বিষয়ক অন্তরায়সমূহ চিহ্নিতকরণ এবং সমাধানের সুপারিশ;

(ঙ) ভূমি মন্ত্রণালয় এবং ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ পর্যালোচনা ও বাস্তবায়ন;

(চ) দক্ষতা, স্বচ্ছতা ও সুশাসন প্রতিষ্ঠাসহ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ভূমি সেবায় জরিপ সংক্রান্ত উদ্যোগ মূল্যায়ন।

৫। গবেষণা দল:

এককভাবে, দলীয়ভাবে বা প্রাতিষ্ঠানিকভাবে গবেষণা কার্যক্রম পরিচালনা করা যাইবে। 'ক' শ্রেণির গবেষণার ক্ষেত্রে ন্যূনতম ০৪ জন 'খ' শ্রেণির ক্ষেত্রে ন্যূনতম ০৩ জন এবং 'গ' শ্রেণির ক্ষেত্রে এক বা একাধিক জন গবেষণা কার্য পরিচালনা করবে। ভূমি মন্ত্রণালয় অথবা ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের একজন কর্মকর্তা দলনেতার দায়িত্ব পালন করবেন। ভূমি মন্ত্রণালয়, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর বা জোনাল সেটেলমেন্ট অফিসসমূহ গবেষণার ধরণ ও প্রয়োজন অনুযায়ী কার্যপরিধি (Terms of Reference) প্রস্তুতপূর্বক গবেষক দলের কাঠামো নির্ণয় করবে।

৬। গবেষণা সংক্রান্ত কমিটি:

৬.১ গবেষণা প্রস্তাব বাছাই ও মূল্যায়নের নিমিত্ত একটি "গবেষণা প্রস্তাব বাছাই ও মূল্যায়ণ কমিটি" থাকিবে যাহার গঠন নিম্নরুপ:

| | |
|---|---|
| (ক) মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর - | আহবায়ক |
| (খ) পরিচালক (ভূমি রেকর্ড/জরিপ), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর ১জন | সদস্য |
| (গ) পরিচালক, ভূমি প্রশাসন ও প্রশিক্ষণ কেন্দ্র | সদস্য |
| (ঘ) মন্ত্রণালয়ের প্রতিনিধি (জরিপ-১/২) ১ জন | সদস্য |
| (ঙ) গবেষণার বিষয়বস্তুর সাথে সম্পৃক্ত ১ জন | সদস্য |
| (চ) সংশ্লিষ্ট গবেষণায় পারদর্শী সরকারি বা বেসরকারি সংস্থার ১ জন | সদস্য |
| (ছ) উপরিচালক (জরিপ), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | সদস্য সচিব |

৬.২ গবেষণা প্রস্তাব বাছাই কমিটির কার্যপরিধি:

(ক) গবেষণা প্রস্তাব পর্যালোচনা ও বাছাই করা; এবং

(খ) গবেষণা প্রস্তাবের বিষয়ে অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট মতামত/সুপারিশ প্রদান করা।

৬.৩ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কমিটি প্রয়োজনবোধে বিষয় সংশ্লিষ্ট বা বহির্ভূত যে কোনো উপযুক্ত ব্যক্তিকে বিশেষজ্ঞ সদস্য হিসেবে কমিটিতে অন্তর্ভুক্ত করিতে পারিবে।

৬.৪ গবেষণা মূল্যায়ন কমিটির কার্যপরিধি:

(ক) গবেষণা কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন ও অর্থ ছাড়ের সুপারিশ করা;

(খ) গবেষণা প্রতিবেদনের উপর মতামত প্রদান করা; এবং

(গ) গবেষণা প্রস্তাবসমূহের বাস্তবায়ন তদারকি ও সমন্বয় সাধন করা।

৬.৫ কমিটির সদস্যগণের সম্মানি কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নির্ধারণ করা যাইবে। ইহা বাজেটের গবেষণা খাত হইতে নির্বাহ করা হইবে।

৬.৬ গবেষণা প্রস্তাব আহবান, গবেষণা প্রকল্পসমূহের বাস্তবায়ন তদারকি ও সমন্বয় সংশ্লিষ্ট গবেষণা শাখার মাধ্যমে সম্পন্ন করা হইবে। তবে কর্তৃপক্ষ প্রয়োজন বোধ করিলে একাধিক কর্মকর্তা বা শাখাকে গবেষণা কার্যক্রম তদারকি করিবার দায়িত্ব প্রদান করিতে পারিবে।

**৭। গবেষণা প্রস্তাব অনুমোদন:**

৭.১ বাছাই ও মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত গবেষণা প্রস্তাব সচিব, ভূমি মন্ত্রণালয় অনুমোদন করিবেন।

৭.২ অনুমোদনের পর গবেষণা প্রতিবেদন মুদ্রিত আকারে প্রকাশের বিষয়ে মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করিবেন।

**৮। গবেষণার ধরন**

৮.১ আর্থিক সংশ্লেষ বিবেচনায় ০৩ (তিন) ধরণের গবেষণা প্রকল্প থাকিবে;

(ক) 'ক' শ্রেণি: ১০,০০,০০০ দশ লক্ষ টাকার উর্ধ্ব থেকে ২৫,০০,০০০/-(পঁচিশ লক্ষ) টাকার প্রাক্কলিত বাজেট সম্বলিত;

(খ) 'খ' শ্রেণি: ৫,০০,০০০ পাঁচ লক্ষ টাকার উর্ধ্ব থেকে ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার প্রাক্কলিত বাজেট সম্বলিত;

(গ) 'গ' শ্রেণি: অনুর্ধ্ব ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত প্রাক্কলিত বাজেট সম্বলিত।

৮.২ কর্তৃপক্ষ সময় সময় গবেষণা প্রকল্পের ব্যাপকতা ও আর্থিক পরিধি অনুযায়ী প্রয়োজনীয় সময় নির্ধারণ করিতে পারিবে।
৮.৩ মাসিক গবেষণা প্রতিবেদন এবং গবেষণা প্রস্তাব মুল্যায়ন সম্পর্কিত তথ্যাদি যথাক্রমে পরিশিষ্ট 'ক' এবং 'খ' দ্রষ্টব্য।

**৯। গবেষণা প্রস্তাবে যে সকল বিষয় অথবা অধ্যায় অন্তর্ভুক্ত থাকিবে:**

একটি গবেষণা প্রস্তাবে সাধারণত: নিম্নলিখিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে:

(ক) গবেষণার শিরোনাম (Title) প্রস্তাবিত গবেষণার সহিত তাৎপর্যপূর্ণ এবং উদ্দেশ্যের সহিত অর্থবোধক;

(খ) ভূমিকা (Introduction);

(গ) সমস্যা চিহ্নিতকরণ (Problem Statement / Background of the Study);

(ঘ) গবেষণার উদ্দেশ্য (Objective);

(ঙ) গবেষণার প্রশ্ন (Research Question);

(চ) গবেষণার যৌক্তিকতা (Rationale);

(ছ) গবেষণার উপকারভোগী (Beneficiaries);

(জ) গবেষণার পরিধি (Research Scope);

(ঝ) গবেষণা পদ্ধতি (Research Methodology);

(ঞ) বিশ্লেষণ/তথ্য-উপাত্ত উপস্থাপন (Analysis);

(ট) প্রত্যাশিত ফলাফল (Expected Result/ Conclusion);

(ঠ) সুপারিশ (Recommendation);

(ড) গবেষক দলের নাম ও পরিচিতি (Research Team);

(ঢ) সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (Work Breakdown Structure);

(ণ) প্রস্তাবিত বাজেট (Proposed Budget); এবং

(ত) তথ্যসূত্র (Reference)।

এছাড়াও প্রয়োজন অনুসারে স্বীকৃত গবেষণা পদ্ধতি অনুসরণ করিয়া গবেষকদল বিষয়/অধ্যায় অন্তর্ভুক্ত করিতে পারিবেন।

১০। গবেষণা প্রকল্প নির্বাচন, অনুমোদন ও বাস্তবায়নের সময়সূচি:

১০.১ গবেষণা প্রস্তাব আহ্বান, নির্বাচন ও অনুমোদনের জন্য নিম্নরূপ সময়সূচি অনুসরণ করা হইবে:

(ক) গবেষণা প্রস্তাব আহ্বান ও গ্রহণ: ১ জুলাই- ৩১ আগস্ট;

(খ) গবেষণা প্রস্তাব বাছাই ও সুপারিশ চূড়ান্তকরণ: ১৫- ২৫ সেপ্টেম্বর;

(গ) গবেষণা প্রস্তাব অনুমোদন: ২৬-৩০ সেপ্টেম্বর;

(ঘ) গবেষণা দল কর্তৃক গবেষণা পরিচালনা: ১ অক্টোবর - ৩১ মার্চ;

(ঙ) খসড়া ফলাফলসহ প্রথম সেমিনার আয়োজন: ১-৩০ এপ্রিল;

(চ) চূড়ান্ত প্রতিবেদন দাখিল, ফাইনাল সেমিনার আয়োজন এবং গবেষণা কর্ম অনুমোদন: ১-২৫ মে; এবং

(ছ) হিসাবরক্ষণ শাখায় হিসাব দাখিল: ২৬-৩১ মে।

১০.২ উপরিউক্ত সময়সীমা কর্তৃপক্ষ প্রয়োজনে পরিবর্তন করিতে পারিবেন।

১১। **আর্থিক ব্যবস্থাপনা:**

(ক) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের রাজস্ব বাজেটের গবেষণা খাতে বরাদ্দকৃত অর্থ হইতে এই গবেষণা কার্য পরিচালিত হইবে;

(খ) গবেষণা দলসহ অন্যান্য সদস্যের সম্মানি/ভাতা বরাদ্দকৃত অর্থের ৫৫ শতাংশের বেশি হইবে না। সিটিং এলাউন্সের মাধ্যমে হাজিরা অনুসারে দিনভিত্তিতে অথবা কর্মপরিধির আলোকে সম্মানি দেওয়া যাইবে;

(গ) মোট বরাদ্দের সর্বোচ্চ ৫% বই, জার্নাল বা অন্যান্য ডকুমেন্ট ক্রয়ে ব্যয় করা যাইবে এবং গবেষণা শেষে ক্রয়কৃত বই বা জার্নালসমূহ ভূমি মন্ত্রণালয়, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং জোনাল সেটেলমেন্ট অফিসের লাইব্রেরিতে জমা করিতে হইবে;

(ঘ) গবেষণার জন্য বরাদ্দকৃত অর্থ গবেষণা দল তিন কিস্তিতে উত্তোলন করিতে পারিবে । গবেষণা প্রস্তাব অনুমোদনের পর Inception Report দাখিলের ১০ (দশ) কর্মদিবসের মধ্যে মোট গবেষণা ব্যয়ের শতকরা ৩০(ত্রিশ) ভাগ; প্রথম খসড়া রিপোর্ট দাখিলের ১০ (দশ) কর্মদিবসের মধ্যে মোট গবেষণা ব্যয়ের শতকরা ৪০ (চল্লিশ) ভাগ এবং চূড়ান্ত প্রতিবেদন দাখিলের অব্যবহিত ১০ (দশ) কর্মদিবসের মধ্যে অনুমোদন প্রক্রিয়া সমাপ্ত এবং চূড়ান্ত বিল শতকরা ৩০(ত্রিশ) ভাগ পরিশোধ করিতে হইবে। সকল বিলের সাথে বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট প্রযোজ্য।

(ঙ) প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণ করিয়া গবেষণা-সংশ্লিষ্ট ব্যয় নির্বাহ করিতে হইবে;

(চ) গবেষণা দলের দলনেতার অনুকূলে অর্থ ছাড় করা হইবে; এবং

(ছ) গবেষণা বাস্তবায়নের জন্য গবেষণা দলের সদস্যগণের ভ্রমণকালকে দাপ্তরিক কাজ হিসাবে গণ্য করা হইবে। তবে এই সংক্রান্ত সকল ব্যয় অনুমোদিত গবেষণা বরাদ্দ হইতে নির্বাহ করিতে হইবে।

১২। বিবিধ:

(ক) প্রত্যেক গবেষণা দলে একজন দলনেতা থাকিবেন;

(খ) গবেষণা প্রস্তাব চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির পর কোনো ব্যক্তি/ প্রতিষ্ঠান/ গবেষণা দল অপারগতা প্রকাশ করিলে পরবর্তী দুই অর্থ-বৎসর তিনি বা তাঁহারা কোনো গবেষণা প্রস্তাব দাখিল করিতে পারিবেন না;

(গ) গবেষণা দলের সদস্যগণ নিজে অথবা আউটসোর্সিং-এর মাধ্যমে দিনভিত্তিতে তথ্য সংগ্রাহক (Data Collector)- এর মাধ্যমে তথ্য সংগ্রহ করিতে পারিবেন। এইক্ষেত্রে দিনভিত্তিক সম্মানি প্রদান করা যাইবে;

(ঘ) গবেষণা দল গবেষণা শেষে ০৮ (আট) কপি গবেষণা প্রতিবেদন সংশ্লিষ্ট শাখা/সেল-এ জমা দিবেন;

(ঙ) গবেষণা দলের কোনো সদস্য পরিবর্তন/সংযোজনের প্রয়োজন হইলে গবেষণা বাছাই ও মূল্যায়ন কমিটির পূর্বানুমোদন সাপেক্ষে উক্তরূপ পরিবর্তন/সংযোজন করা যাইবে;

(চ) গবেষণা দল কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে plagiarism পরীক্ষা অপরিহার্য। কোনো দলের প্রতিবেদনে plagiarism প্রমাণিত হইলে উক্ত দলের সদস্যগণ পরবর্তী সকল সময়ের জন্য গবেষণা কাজে অযোগ্য মর্মে বিবেচিত হইবে;

(ছ) প্রদত্ত প্রতিবেদন মৌলিক হইতে হইবে;

(জ) প্রতিবেদন বা ইহার কোন অংশ অপর কোনো প্রতিবেদন বা উৎস হইতে আহরিত নয় মর্মে প্রতিবেদনে দলের সদস্যগণ প্রত্যয়ন করিবেন;

(ঝ) প্রতিবেদনে ব্যবহৃত তথ্য-উপাত্তের reference স্বীকৃত পদ্ধতিতে প্রদান করা যাইবে;

(ঞ) গবেষণা চলাকালীন গবেষণা দল প্রতি মাসের অগ্রগতি প্রতিবেদন পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এই নির্দেশিকার পরিশিষ্ট 'ক' প্রদত্ত ছকে কমিটির আহ্বায়কের নিকট দাখিল করিবেন;

(ট) গবেষণা চলাকালে গবেষণা দলের সদস্যগণ প্রতিমাসে কমপক্ষে একবার সভায় মিলিত হইবে এবং সভার কার্যবিবরণী গবেষণা বাছাই ও মূল্যায়ন কমিটির আহ্বায়কের নিকট প্রেরণ করিবেন;

(ঠ) গবেষণা কাজে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ethical issue নিশ্চিত করিতে হইবে। জাতি, গোষ্ঠী, সমাজ, ধর্ম, বর্ণ নির্বিশেষে কোনো ব্যক্তিকে হেয় প্রতিপন্ন করে এমন ধরণের কোনো গবেষণা প্রস্তাব গ্রহণ বা প্রশ্নপত্র প্রণয়ন কিংবা কাহাকেও পীড়া দেয় এমন কোনো মন্তব্য, বিবৃতি, ছবি, প্রতীক ইত্যাদি প্রতিবেদনে ব্যবহার করা যাইবে না;

(ড) সংগৃহীত তথ্য-উপাত্ত যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে এবং প্রযোজ্যক্ষেত্রে তথ্য প্রদানকারীর গোপনীয়তা নিশ্চিত করিতে হইবে;

(ঢ) গবেষণা শাখা অথবা গবেষণার সাথে সংশ্লিষ্ট শাখা/সেল কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

পরিশিষ্ট - ক

## গবেষণার অগ্রগতি প্রতিবেদন ছক (১)

মাস: -----------------------------, ---------------------------- সন

| গবেষণার বিষয় | গবেষণা দলের সদস্যগণের নাম | বরাদ্দের পরিমাণ | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | | | সম্পাদিত কার্যক্রম | আর্থিক (লক্ষ টাকায়) |
| | | | | | |
| | | | | | |

## গবেষক দল ছক (২)

| গবেষণা দলের সদস্যবৃন্দের নাম | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|
| | | |
| | | |

দলনেতার নাম ও স্বাক্ষর



পরিশিষ্ট- খ

১. গবেষণা পরিচালক/গবেষক, সহ-গবেষকের যোগ্যতা

(ক) গ্রেড-৯ বা তদুর্ধ্ব পদে দায়িত্ব পালনের বাস্তব অভিজ্ঞতা;

(খ) গবেষণা পদ্ধতি (Research Methodology) সম্পর্কে সম্যক ধারণা;

(গ) মৌলিক গবেষণা কাজ সম্পাদন ও পরিবীক্ষণে বাস্তব অভিজ্ঞতা; এবং

(ঘ) বাংলা ও ইংরেজি ভাষায় গবেষণা প্রতিবেদন প্রণয়নে সক্ষমতা।

২. গবেষণা পরিচালক/গবেষক, সহ-গবেষকের অযোগ্যতা

(ক) একই সময় অন্য কোনো বিশ্ববিদ্যালয়/সংস্থা/সরকারি প্রতিষ্ঠানের আওতায় একাধিক বিষয়ে গবেষণারত থাকিলে

(খ) চাকুরিবিধি বা প্রচলিত আইনের আওতায় শাস্তিপ্রাপ্ত হইলে;

(গ) বুদ্ধিবৃত্তিক বা নৈতিক অসততার অভিযোগে শাস্তিপ্রাপ্ত হইলে;

(ঘ) গবেষণা কমিটি কর্তৃক ইতোপূর্বে অযোগ্য বিবেচিত হইয়া থাকিলে অযোগ্যতার কারণ বিদ্যমান থাকা পর্যন্ত; এবং

(ঙ) সরকারের পলিসি এবং ভাবমূর্তির সঙ্গে অসঙ্গতিপূর্ণ বিষয়ে গবেষণা প্রস্তাব দাখিল করিলে ।

৩. গবেষকদলের সদস্যগণের কার্যপরিধি:

গবেষকদল নিম্নোক্ত কার্যাবলি সম্পাদন করিবেন:

(ক) সংশ্লিষ্ট দলিল-পত্রাদি (Documents) পর্যালোচনা;

(খ) প্রশ্নপত্র তৈরি, পূর্ব পরীক্ষা এবং চূড়ান্তকরণ;

(গ) তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ প্রদান;

(ঘ) খসড়া প্রতিবেদন প্রণয়নের কাজে সহায়তা প্রদান এবং খসড়া পরিমার্জন;

(ঙ) পর্যালোচনা ও ফিডব্যাকের ভিত্তিতে প্রতিবেদন চূড়ান্তকরণ;

(চ) চূড়ান্ত প্রতিবেদনের ইংরেজি সার-সংক্ষেপ প্রণয়ন; এবং

(ছ) গবেষণা-সংশ্লিষ্ট সেমিনারের আয়োজন এবং গবেষণার ফলাফল উপস্থাপন।

৪. গবেষক বা গবেষকদল নির্বাচন প্রক্রিয়া:

| | |
|---|---|
| ১. গবেষণা প্রস্তাবনার মান | ৬০ |
| ২. শিক্ষাগত যোগ্যতা | ১০ |
| ৩. গবেষণা কাজের পূর্ব অভিজ্ঞতা | ১৫ |
| ৪. গবেষণার বিষয়বস্তুর উপযোগিতা | ১৫ |
| **মোট** | ১০০ |

৪.১ গবেষণার প্রস্তাবনার মান

| ক্রমিক | বিষয়বস্তু | মান |
|---|---|---|
| 1. | গবেষণার শিরোনাম | ৪ |
| 2. | সমস্যা বিবৃতি | ৪ |
| 3. | গবেষণার উদ্দেশ্য | ৩ |
| 4. | হাইপোথিসিস/ গবেষণা প্রশ্ন | ৬ |
| 5. | গবেষণার যৌক্তিকতা | ৫ |
| 6. | গবেষণার পরিসর/পরিধি | ৪ |
| 7. | গবেষণার উপকারভোগী | ৫ |
| 8. | গবেষণা পদ্ধতি | ৭ |
| 9. | উপাত্ত বিশ্লেষণ ও উপস্থাপন- গুণগত ও পরিমাণগত | ৫ |
| 10. | প্রত্যাশিত ফলাফল ও সুপারিশ | ৫ |
| 11. | কর্ম-পরিকল্পনা (সময়সূচি) | ৪ |
| 12. | সম্ভাব্য বাজেট | ৪ |
| 13. | তথ্যসূত্র | ৪ |
| | মোট | ৬০ |

৪.২ শিক্ষাগত যোগ্যতা (এসএসসি হইতে মাস্টার্স পর্যন্ত ১০ (দশ) নম্বর)

এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রথম শ্রেণি বা জিপিএ '৫' প্রাপ্ত হইলে প্রাপ্য নম্বর ২ (দুই) এবং দ্বিতীয় শ্রেণি বা জিপিএ '৪' প্রাপ্ত হইলে ১ (এক) নম্বর প্রাপ্য হইবেন। স্নাতক এবং স্নাতকোত্তর পরীক্ষায় ১ম শ্রেণি বা CGPA 3.5 প্রাপ্ত হইলে ৩ (তিন) নম্বর এবং ২য় শ্রেণি বা CGPA 3.0 প্রাপ্ত হইলে ২ (দুই) নম্বর প্রাপ্য হইবেন। এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় তৃতীয় শ্রেণি বা CGPA 4.0 এর নিম্নে প্রাপ্ত গ্রেড এবং স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় CGPA 3.0 এর নিম্নে প্রাপ্ত গ্রেড মূল্যায়িত হইবে না।

৪.৩ গবেষণা বা ভূমি জরিপ ও ভূমি ব্যবস্থাপনা কাজের পূর্ব অভিজ্ঞতা ৩০ (ত্রিশ) নম্বর:

| | |
|---|---|
| গবেষণা প্রবন্ধ | ন্যুনতম দু'টি গবেষণা কর্মের পূর্ব অভিজ্ঞতা বা ISSN নম্বর সম্বলিত স্বীকৃত জার্নালে কমপক্ষে দু'টি গবেষণা প্রবন্ধ থাকিলে তিনি ৫ (পাঁচ) নম্বর প্রাপ্য হইবেন। যাহাদের গবেষণায় পূর্ব অভিজ্ঞতা নাই, তাহারা কোনো নম্বর প্রাপ্য হইবেন না। |
| এম ফিল/ এম এস | বৈদেশিক মাস্টার্স বা এম এস বা এম ফিল ডিগ্রি থাকিলে ১০ (দশ) নম্বর প্রাপ্য হইবেন। |
| পিএইচডি | পিএইচডি ডিগ্রি, বা বৈদেশিক মাস্টার্স বা এম এস ডিগ্রিসহ ISSN নম্বর সম্বলিত স্বীকৃত জার্নালে কমপক্ষে তিনটি গবেষণা প্রবন্ধ থাকিলে ১০ (দশ) নম্বর প্রাপ্য হইবেন। |
| ভূমি জরিপ বা ভূমি ব্যবস্থাপনা কাজের অভিজ্ঞতা | ভূমি মন্ত্রণালয় বা এর আওতধীন দপ্তর সমূহে ৯ম গ্রেড বা তদুর্দ্ধ পদে ২ (দুই) বৎসর, বা সহকারী সেটেলমেন্ট অফিসার হিসেবে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিলে ৫(পাঁচ) নম্বর প্রাপ্য হইবেন। |

-------------------